

বাংলাদেশ জাতীয় পরিচয়পত্র ইস্যু সংক্রান্ত বিজ্ঞপ্তি

কাতার প্রবাসী বাংলাদেশিদের অত্যন্ত আনন্দের সাথে জানানো যাচ্ছে যে, আগামী ২০ এপ্রিল ২০২৪ তারিখ হতে দোহাস্থ বাংলাদেশ দূতাবাস- এ 'জাতীয় পরিচয় পত্র' সেবা প্রদান শুরু হতে যাচ্ছে। শুধু নতুনভাবে জাতীয় পরিচয় পত্র গ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ (যাদের জন্ম তারিখ ন্যূনতম ০১ জানুয়ারি ২০০৭ বা এর পূর্বে)- কে <https://services.nidw.gov.bd> ওয়েবসাইটে প্রবেশ করে নিজ একাউন্ট তৈরি করার পর অনলাইন আবেদন করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

আবেদনকারীকে নিজ একাউন্ট তৈরি করবার সময় অবশ্যই কাতারি মোবাইল নাম্বার ব্যবহার করতে হবে। আবেদনকারী উক্ত মোবাইলে একটি OPT পাবেন। উল্লেখ যে, পরবর্তীতে যেকোন আইনগত জটিলতা এড়ানোর জন্য নির্বাচন কমিশন প্রবাসীগণকে একাউন্ট তৈরির সময় বাংলাদেশি মোবাইল নাম্বার ব্যবহার না করার অনুরোধ জানাচ্ছে। আপগ্রেড, মেইনটেইন্যান্স এবং অন্যান্য টেকনিক্যাল কারণে অনেক সময় সাময়িক ভাবে OPT প্রদান বন্ধ থাকতে পারে। সেক্ষেত্রে আবেদনকারীকে কিছু সময় পরে পুনরায় চেষ্টা করার অনুরোধ জানানো হচ্ছে।

অনলাইন আবেদন সাবমিট করবার পর, ওয়েব পোর্টালের উপরে বাম পাশে “হোম” বাটনে ক্লিক করুন এবং “এপয়েন্টমেন্ট” ট্যাব থেকে আপনার সুবিধাজনক সময়ে দূতাবাসে বায়োমেট্রিক এপয়েন্টমেন্ট গ্রহণ করুন (স্লট খালি থাকা সাপেক্ষে)। আবেদনকারীকে মোবাইল মেসেজ এর মাধ্যমে বায়োমেট্রিক এপয়েন্টমেন্ট নিশ্চিত করা হবে। পরবর্তীতে উক্ত নির্ধারিত তারিখে আবেদনকারীকে প্রয়োজনীয় কাগজপত্র সহ সশরীরে দূতাবাসে এসে আবেদন প্রক্রিয়া (বায়োমেট্রিক) সম্পন্ন করতে হবে। এপয়েন্টমেন্ট ব্যতিত দূতাবাসে কোন ভাবেই বায়োমেট্রিক আবেদনের সুযোগ নেই।

দূতাবাসে জাতীয় পরিচয় পত্রের বায়োমেট্রিক আবেদন করার সময়সীমাঃ

সকাল ১০.৩০ হতে দুপুর ১.৩০ (ছুটির দিন ব্যতিত)

প্রয়োজনীয় কাগজপত্রঃ

- অনলাইন আবেদনের কপি
- মূল পাসপোর্ট
- পাসপোর্টের ফটোকপি
- অনলাইন জন্ম নিবন্ধন সনদ (বাংলা ও ইংরেজিতে সঠিক তথ্য সংবলিত)
- সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি

অনলাইনে আবেদন করার সময়ে অবশ্যই নিম্নোক্ত বিষয় বিশেষভাবে খেয়াল রাখতে হবেঃ

১) Place of Residence হিসেবে 'কাতার' সিলেক্ট করতে হবে।

২) আবেদনকারীর বাংলাদেশের “বর্তমান ঠিকানা”, তার ভোটার এলাকা হিসেবে বিবেচিত হবে বিধায় আবেদনপত্রে বর্তমান ঠিকানা প্রদানের ক্ষেত্রে বিশেষভাবে যত্নবান হবার অনুরোধ জানানো হল।

৩) একজন সনাক্তকারী ব্যক্তির জাতীয় পরিচয়পত্র নম্বর প্রদান করতে হবে এবং আবেদন ফরমে সনাক্তকারীর স্বাক্ষর নিতে হবে।

৪) আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশে বসবাসরত যে কোন প্রতিনিধির (বর্তমান ঠিকানায়) এবং তার কাতারের নিজ মোবাইল নম্বর প্রদান করতে হবে। উল্লেখ্য, সংশ্লিষ্ট নির্বাচন অফিস আবেদনকারীর বর্তমান ঠিকানায় অবস্থানরত প্রতিনিধির সাথে তথ্য যাচাইকরণের নিমিত্ত ফোনে যোগাযোগ করবেন।

বিশেষ দৃষ্টব্য: আইনগত বিধি নিষেধ থাকায় জাতীয় পরিচয় পত্রের কোন ধরনের সংশোধনী আবেদন দূতাবাসে গ্রহণ করা হয় না। শুধুমাত্র নতুন জাতীয় পরিচয় পত্রের আবেদন গ্রহণ করা হয়।

